



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ত/পিআর/০৩/

তারিখ: ২৮ নভেম্বর, ২০১৯

## প্রেসবিজ্ঞপ্তি

আজ ২৮ নভেম্বর, ২০১৯ তারিখ সকাল সাড়ে ১০টায় বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত H.E. Mr. Peter Fahrenholtz শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে তাঁর অফিসে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

এ সময় শিক্ষা ও গবেষণাসহ পারস্পারিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে উভয়ে মত বিনিময় করেন। ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শাবিপ্রবি ক্যাম্পাসে আসার জন্য জার্মান রাষ্ট্রদূত H.E. Mr. Peter Fahrenholtz-কে ধন্যবাদ জানান। তিনি বলেন, জার্মানীতে লেখাপড়ার মান বেশ ভাল। তাই বাংলাদেশের প্রচুর শিক্ষার্থী প্রতিবছর জার্মানীতে পড়তে যায় এবং তারা দেশে ফিরে এসে উন্নয়ন কর্মকাণ্ডে ভূমিকা রাখছে।

আলোচনাকালে বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দীন, ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক প্রফেসর ড. মো. আশরাফুল আলম, আধুনিক ভাষা ইন্সটিটিউটের পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আলমগীর তৈমুর, কালচারার এন্ড এডুকেশন অফিসার তামারা কবির প্রমুখ উপস্থিত ছিলেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার